# ‘সুনামগঞ্জ জেলার তিনটি বেসরকারি কলেজের অবকাঠামো উন্নয়ন’

# -প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি

# (Terms of Reference)

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়।

# কার্যপরিধি

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১. | **প্রকল্পের নাম** | : | সুনামগঞ্জ জেলার তিনটি বেসরকারি কলেজের অবকাঠামো উন্নয়ন | | | |
| ০২. | **উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ** | : | শিক্ষা মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | | | |
| ০৩. | **বাস্তবায়নকারী সংস্থা** | : | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | | | |
| ০৪. | **প্রকল্প এলাকা** | : | বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/ পৌরসভা |
| | | | ০১ | ০১ | ০৩ | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | **প্রাক্কলিত ব্যয়** | : | মূল | সংশোধন |
| | মোট | : | ১৮৪৬.৮৫ | সংশোধন হয়নি |
| | জিওবি | : | ১৮৪৬.৮৫ | - |
| | প্রকল্প সাহায্য | : | ০.০০ | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৬. | **বাস্তবায়নকাল** | : | মূল | সংশোধন | ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি |
| | আরম্ভ | : | অক্টোবর, ২০১৬ | - | অক্টোবর, ২০১৬ |
| | সমাপ্তি | : | ডিসেম্বর, ২০১৮ | - | ডিসেম্বর, ২০২১ |

**০৭. প্রকল্পের মৌলিক অঙ্গ:**

- একাডেমিক-কাম-মাল্টিপারপাস ভবন নির্মাণ
- আসবাবপত্র ক্রয়

**০৮. প্রকল্পের উদ্দেশ্য :**

- নির্বাচিত প্রসিদ্ধ শিক্ষা প্রতিষ্ঠানে বর্ধিত শিক্ষার্থীর চাহিদা পূরণের লক্ষ্যে অবকাঠামোগত সুবিধা বৃদ্ধি করা;
- ক্যাম্পাসে শিক্ষা সহায়ক পরিবেশ সৃষ্টি করা;
- শিক্ষার সার্বিক মানোন্নয়ন করা।

**০৯. নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য:**

- প্রকল্পের প্রতিটি সাইট পরিদর্শনপূর্বক মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য বিশ্লেষন করে প্রকল্পের সার্বিক চিত্র তুলে ধরা;
- প্রকল্প বাস্তবায়নে বিদ্যমান সমস্যা চিহ্নিত করে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে কার্যকর সুপারিশ করা;
- প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফল টেকসই করার লক্ষ্যে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা।

**১১. পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব:**

ক) প্রকল্পের আওতাভুক্ত সকল সাইট ( সুনামগঞ্জ জেলার তিনটি উপজেলা যথা সদর, দক্ষিণ সুনামগঞ্জ ও জগন্নাতপুর উপজেলায় নির্বাচিত তিনটি শিক্ষা প্রতিষ্ঠান) পরিদর্শন করতে হবে ;

খ) প্রকল্প সম্পর্কিত মৌলিক তথ্য যেমন প্রকল্পের অনুমোদন পর্যায়, পটভূমি, উদ্দেশ্য, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, অর্থায়নের উৎস, এক্সিট প্ল্যান ইত্যাদি তথ্য পর্যালোচনা করতে হবে এবং প্রকল্পের সার্বিক ও অঙ্গাভিত্তিক অগ্রগতি বিশ্লেষণ করে সারণি ও লেখচিত্রের মাধ্যমে তা উপস্থাপন করতে হবে;

গ) প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যা যথা প্রকল্প ব্যবস্থাপনায় অদক্ষতা, অপর্যাপ্ত এডিপি বরাদ্দ, অর্থছাড়ে জটিলতা বিলম্ব অথবা অপর্যাপ্ত অর্থছাড়, বিলম্বে বিল পরিশোধ, প্রকল্পের ক্রয়কাজে বিলম্ব, নির্মাণ কাজে বিলম্ব, নির্মাণ কাজের ত্রুটি, প্রকল্প বাস্তবায়নে বাধাঁ, প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি, ডিপিপি সংশোধন প্রভৃতি বিষয় (যদি পরিলক্ষিত হয়) পর্যালোচনা করতে হবে;

ঘ) প্রকল্প ব্যবস্থাপনা যেমন প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা আয়োজন, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, আইএমইডির পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ প্রতিপালন ইত্যাদি পর্যালোচনা করতে হবে;

ঙ) ক্রয় কাজে বিদ্যমান আইন ও বিধি (পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮) অনুসরন করা হয়েছে কিনা তা পরীক্ষা করতে হবে এবং ডেলিগেশন অব ফাইন্যান্সিয়াল পাওয়ার অনুয়ায়ি যথাযথভাবে ক্রয় কার্যক্রমের অনুমোদন গ্রহণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা করতে হবে;

চ) নির্মাণ কাজ এবং নির্মাণ কাজের ব্যবহৃত উপকরণে গুণমান রক্ষা করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করতে হবে। তাছাড়া নির্মাণ কাজের বিবরণ (bill of quantity) এবং আসবাবপত্র ক্রয়/সরবরাহের ক্ষেত্রে নির্ধারিত মান (specification) বজায় রাখা হয়েছে কিনা তা পর্যালোচনা করতে হবে;

ছ) উপকারভোগী এবং অংশীজনদের উপর জরিপ পরিচালনা করতে হবে এবং জরিপে প্রাপ্ত মতামত বিশ্লেষণ করতে হবে;

জ) প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও হুমকিসমূহ চিহ্নিত ও বিশ্লেষণ করতে হবে;

ঝ) সর্বোপরি প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করা ও বাস্তবায়ন বিষয়ে পর্যবেক্ষণের আলোকে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন প্রণয়ন করতে হবে, এবং

ঞ) নিবিড় পরিবীক্ষণকালে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবিড় পরিবীক্ষণ সংশ্লিষ্ট আরোপিত অন্যান্য দায়িত্ব পালন করতে হবে;

## ১২. নিবিড় পরিবীক্ষণের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা:

| ক্রমিক | পেশাদারিত্বের ধরন | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | পরামর্শক প্রতিষ্ঠান | -- | কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা |
| ২. | পরামর্শক প্রতিষ্ঠানের সদস্য | | |
| | ক) টিম লিডার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি (সিভিল ইঞ্জিনিয়ারিং) অথবা এর সমমান ডিগ্রি। | • টিম লিডার হিসেবে পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অন্তত ০১টি গবেষণা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ১০ বছরের অভিজ্ঞতা;<br>• সরকারি ক্রয় কাজের ধারণা। |
| | খ) সমাজতত্ববিদ/অর্থনীতিবিদ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান, সমাজকর্ম, সমাজকল্যান এবং অর্থনীতি বিষয়ে সম্মান ডিগ্রি। | • সমাজতত্ববিদ/সমাজকর্মী/অর্থনীতিবিদ হিসেবে ০৫ বছর কাজের অভিজ্ঞতা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ বছরের অভিজ্ঞতা। |
| | গ) সিভিল ইঞ্জিনিয়ার | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি (সিভিল ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি। | • সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে ০৫ বছরের অভিজ্ঞতা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ বছরের অভিজ্ঞতা। |
| | ঘ) পরিসংখ্যানবিদ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে সম্মান ডিগ্রি। | • তথ্য ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৫ বছরের অভিজ্ঞতা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ বছরের অভিজ্ঞতা। |

## ১৩. প্রতিবেদনের তালিকা, জমাদান ও অন্যান্য:

| ক্রমিক | প্রতিবেদনের ধরণ ও সংখ্যা | জমাদানের সময়সীমা |
|---|---|---|
| ১ | প্রারম্ভিক প্রতিবেদন<br>(TC এর জন্য ২০ কপি এবং SC এর জন্য ২০ কপি) | চুক্তি স্বাক্ষরের ১৫ দিনের মধ্যে |
| ২ | ১ম খসড়া প্রতিবেদন<br>(TC এর জন্য ২০ কপি এবং SC এর জন্য ২০ কপি) | চুক্তি স্বাক্ষরের ৬০ দিনের মধ্যে |
| ৩ | ২য় খসড়া প্রতিবেদন<br>(জাতীয় কর্মশালার জন্য ৮০ কপি) | চুক্তি স্বাক্ষরের ৯০ দিনের মধ্যে |
| ৪ | চূড়ান্ত প্রতিবেদন<br>(বাংলা ৪০ কপি এবং ইংরেজি ২০ কপি ) | চুক্তি স্বাক্ষরের ১২০ দিনের মধ্যে |

- TC= Technical Committee এবং SC= Steering Committee
- পরমর্শক প্রতিষ্ঠান সকল প্রতিবেদন আইএমইডির পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ এর মহাপরিচালকের নিকট জমা প্রদান করবে;

## ১৪. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয় সহযোগিতা:

ক) ক্লায়েন্ট কর্তৃক শুধু নিচের তথ্য/দলিল (প্রাপ্যতা সাপেক্ষে) সরবরাহকরণ-

* উন্নয়ন প্রকল্প প্রস্তাব বা ডিপিপি;
* প্রকল্প পরিবীক্ষণ প্রতিবেদন;

খ) প্রকল্প কর্তৃপক্ষের সাথে যোগাযোগে সহাযোগিতা প্রদান।